

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬১১১

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - আশারাহ মুবাশশারা রায়িয়াল্লাহ আনহুমা-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الأول (بَابُ مَنَاقِبِ الْعَشَرَةِ رَضِيَ اللَّهُ عَنْهُمْ)

আরবী

وَعَنِ الزُّبِيرِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ يَأْتِي بَنِي قُرَيْظَةَ فَيَأْتِيَنِي بِخَبَرِهِمْ؟» فَانطَلَقْتُ فَلَمَّا رَجَعْتُ جَمَعَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبُوهِمَّةَ فَقَالَ: «فَدَاكَ أَبِي وَأُمِّي» . مُتَّفَقُ عَلَيْهِ

متفق عليه ، رواه البخارى (3720) و مسلم (2416 / 49) -
(مُتَّفَقُ عَلَيْهِ)

বাংলা

৬১১১-[৪] যুবায়র (রাঃ) বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: এমন কে আছে, যে বানু কুরায়য়া গোত্রে গিয়ে আমাকে তাদের বাস্তব অবস্থা এনে দিতে পারে? তখন আমি গেলাম। অতঃপর যখন আমি ফিরে আসলাম, তখন রাসূলুল্লাহ (সা.) তাঁর পিতামাতা উভয়কে একত্রে উল্লেখ করে আমার লক্ষ্যে বললেন, আমার পিতা ও মাতা তোমার জন্য কুরবান হোক। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ৩৭২০, মুসলিম ৪৯-(২৪১৬), মুসনাদে আহমাদ ১৪২৩, আস্স সুনানুল কুবরা লিন্ নাসায়ী ৮২১৩,
তিরমিয়ী ৩৭৪৩, ইবনু মাজাহ ১২৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কে বানু কুরায়য়ার কাছে গিয়ে তাদের সংবাদ নিয়ে আসবে? বানু কুরায়য়াহ মদীনার পাশে বসবাসকারী

ইয়াভূদী সম্প্রদায় ছিল। যুবায়র (রাঃ) তাদের খবর জানতে পেরে এসে নবী (সা.) -কে বললে তিনি তাঁর উদ্দেশে বললেন, আমার পিতা মাতা তোমার জন্য কুরবান হোক। এ কথা দ্বারা তিনি (সা.) তাকে সম্মান করতে চাইলেন। আর তাঁর কাজটি যে মহান তা বুঝাতে চাইলেন। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ যুবাইর ইবনু 'আওয়াম (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86087>

 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন